

## ৩৫ তম বিসিএস-এর মৌখিক পরীক্ষার প্রার্থীদের জন্য নির্ধারিত BPSC Form-3 পূরণের নির্দেশাবলি

৪. (ক) বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের web Address : [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd) অর্থাৎ Teletalk BD Ltd এর web Address- <http://bpsc.teletalk.com.bd> তে ৩৫তম বিসিএস-এর লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের জন্য অতিরিক্ত তথ্য সংবলিত একটি সংক্ষিপ্ত অনলাইন BPSC Form-3 আপলোড করা থাকবে।

(গ) উপরে ৪(ক) তে উল্লিখিত web Address-এর মাধ্যমে কমিশন কর্তৃক ৩৫ তম বিসিএস-এর জন্য নির্ধারিত BPSC Form-3 নিম্নোক্ত নির্দেশনা অনুযায়ী অনলাইন-এ বাংলায় পূরণ করে জমাদান এবং ডাউনলোড করতে হবে:

(১) ৩৫ তম বিসিএস-এর User ID/Password দিয়ে Login করতে হবে।

(২) প্রার্থীর ব্যবহৃত কম্পিউটারে flash player, Unicode বাংলা ফন্ট, Updated Browser ইত্যাদি বিষয় হালনাগাদ থাকা ভালো।

(৩) Login করার পর প্রার্থী তার form এর page এ স্বয়ংক্রিয়ভাবে বাংলা টাইপ করতে পারবেন।

(৪) Desktop-এ রাখা অন্য page থেকে কপি করেও মূল page এ Insert করা যাবে।

(৫) বাংলায় টাইপ করতে Unicode keyboard layout Homepage থেকেও দেখে নেয়া যেতে পারে।

(৬) Form পূরণ করে Submit করার পূর্বে পূরণকৃত তথ্য সঠিক কিনা প্রার্থী তা অবশ্যই দেখে নিবেন।

(৭) উপরে উল্লিখিত Teletalk BD Ltd অথবা কমিশনের ওয়েবসাইট Open করলে Personal information in Bangla নামে একটি field দৃশ্যমান হবে। উক্ত field-এ প্রার্থী তার User ID এবং Password পূরণ করার পর Freedom Fighter Status-এ নিম্নোক্ত ৪টি Option দৃশ্যমান হবে :

- Freedom Fighter.
- Child of Freedom Fighter.
- Grand Child of Freedom Fighter.
- Non Freedom Fighter.

(৮) উপরে উল্লিখিত Freedom Fighter/Child of Freedom Fighter/ Grand Child of Freedom Fighter/ Non Freedom Fighter Status-এ প্রার্থীর জন্য প্রযোজ্য Option টির উপর Click করলে প্রযোজ্য BPSC Form-3 দৃশ্যমান হবে।

(৯) প্রার্থীর জন্য দৃশ্যমান নির্ধারিত BPSC Form-3-এর field সমূহ বাংলায় পূরণ করতে হবে।

(১০) BPSC Form-3-এর সকল field পূরণ সম্পন্ন হলে Submit Button-এ Click করলে Form-3 পূরণ সম্পন্ন হবে। পূরণকৃত BPSC Form-3টি দৃশ্যমান হবে।

(১১) প্রার্থীকে বাংলায় পূরণকৃত BPSC Form-3 print করে এর দুটি কপি সাক্ষাৎকারপত্রের নির্দেশনা অনুযায়ী মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই দাখিল করতে হবে।

(১২) Submitted Form-3 পুনরায় Edit করতে চাইলে USER/PASSWORD দিয়ে Edit option-এ ক্লিক করে Submit Button ক্লিক করলে Form-3 পুনরায় Edit করা যাবে।